



DAKSHINBANGA MATSYAJIBI FORUM (DMF)

Trade Union Regn. No.20474/92.

Affiliated to National Platform for Small Scale Fish Workers (NPSSF)



Memo No. DMF/President - 41/24

Dated : 15 Feb 2024

Shri Partha Bhowmik,
The Hon'ble Minister-in-Charge
Irrigation and Waterways Department, Govt. of West Bengal
Jalsampad Bhavan, 1st Floor,
Block DF, Sector - I, Salt Lake City, Kolkata 700 091
hmiciwd@gmail.com

বিষয় – বুড়িগঙ্গা নদীর পুনরুদ্ধারের ২য় পর্যায়ের কাজের সম্প্রসারণ

মাননীয়,

আমরা ইতিমধ্যেই বিভিন্ন ফোরামে এবং আমাদের সংগঠনের বিভিন্ন স্তরে নদীয়া জেলার বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধারের কাজ শুরু করার জন্য আপনাকে এবং আপনার দপ্তরের অফিসার এবং কর্মীদের অসংখ্য ধন্যবাদ ও অভিনন্দন জানিয়েছি। নদীর কাছে যারা বসবাস করেন তাঁরা এই নদীকে ফিরে পেয়ে অত্যন্ত উল্লসিত হয়েছেন। কিন্তু পুনরুদ্ধারের কাজের দ্বিতীয় পর্যায় শুরু করতে অনেক দেরি হয়ে যাচ্ছে।

এখনো প্রায় ৬ কিমির বেশি কাজ বাকি আছে। আমাদের অনুরোধ মশানের মাঠ থেকে মুকুন্দপুর পর্যন্ত বাকি অংশের পুনরুদ্ধারের কাজ শুরু করার নির্দেশ দিন। আর ৪/ ৫ মাসের মধ্যেই বর্ষা নামবে। বর্ষাকালে হুগলি নদী থেকে বুড়িগঙ্গা নদীর মধ্যে ঢোকা জলের ধারা বেরোবার পথ না পেলে নদীর দু পাশের জলস্তর ক্রমশ বেড়ে যাবে এবং প্লাবনের আশঙ্কা আছে। অন্যদিকে নদীতে আবার পলিও জমতে শুরু করবে।

গত ৭ ফেব্রুয়ারি আমাদের সংগঠনের নদীয়া জেলার সম্পাদক বিবর্তন ভট্টাচার্যর সঙ্গে আপনার ফোনে কথা হয়েছে। আপনার আশ্বাস যাতে কার্যকরী হয় তার জন্য বিনীত অনুরোধ করছি। বুড়িগঙ্গা পুনরুদ্ধারের কাজ সম্পূর্ণ হলে আপনার কাছে আমরা বিশেষভাবে কৃতজ্ঞ থাকবো।

ধন্যবাদান্তে,

দেবাশিস শ্যামল

সভাপতি, দক্ষিণ বঙ্গ মৎস্যজীবী ফোরাম

